



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো এই শরতে COVID-19 টিকার সম্ভাব্য ফেডারেল অনুমোদনের আশায় ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্স এবং টীকা বিতরণ এবং বাস্তবায়ন টাস্ক ফোর্সের ঘোষণা করেছেন

ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্স নেতৃস্থানীয় চিকিৎসা ও বিজ্ঞান বিশেষজ্ঞদের নিয়ে গঠিত ফেডারেল সরকার কর্তৃক বিতরণের জন্য অনুমোদিত প্রতিটি টীকা পর্যালোচনা করার জন্য

নিউ ইয়র্ক রাজ্যে অনুমোদিত COVID-19 টিকার প্রশাসনের প্রস্তুতির জন্য দায়প্রাপ্ত ভ্যাকসিন বিতরণ ও বাস্তবায়ন টাস্ক ফোর্স

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট একটি স্বাধীন ক্লিনিক্যাল উপদেষ্টা টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force) গঠন করবে নেতৃস্থানীয় বিজ্ঞানী, ডাক্তার এবং স্বাস্থ্য বিশেষজ্ঞদের নিয়ে যারা ফেডারেল সরকার কর্তৃক অনুমোদিত প্রতিটি COVID-19 টীকা পর্যালোচনা করবে এবং নিউ ইয়র্ক স্টেটকে এই টিকার নিরাপত্তা ও কার্যকারিতা সম্পর্কে পরামর্শ দেবে।

উপরন্তু, গভর্নর একটি টীকা বিতরণ এবং বাস্তবায়ন টাস্ক ফোর্স (Vaccine Distribution and Implementation Task Force) প্রতিষ্ঠা করেছেন যাকে জাতির সেরা COVID-19 টিকা প্রশাসন প্রোগ্রাম ডিজাইন করার দায়িত্ব দেওয়া হয়। টিকা বিতরণ এবং বাস্তবায়ন টাস্ক ফোর্স জনস্বাস্থ্য, টিকা, সরকারী ক্রিয়াকলাপ, তথ্য এবং অন্যান্য টীকা বিতরণ এবং প্রশাসনের সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত।

"COVID এর প্রতি ফেডারেল সরকারের প্রতিক্রিয়া এবং FDA-র সাথে হোয়াইট হাউসের বিরোধের বিষয়ে গুরুতর প্রশ্ন তুলেছে যে এই টিকাকে রাজনীতির বিষয়ে পরিণত করা হয়েছে কি না,"

গভর্নর কুওমো বলেন। "সত্যি বলতে, আমি ফেডারেল সরকারের মতামতকে বিশ্বাস করবো না এবং ফেডারেল সরকারের মতামতের উপর ভিত্তি করে আমি নিউ ইয়র্কবাসীদের কাছে সুপারিশ করবো না। আমরা এই টিকা পর্যালোচনা করার জন্য স্বাস্থ্য বিভাগের (Department of Health) নেতৃত্বে আমাদের নিজস্ব পর্যালোচনা কমিটি গঠন করতে যাচ্ছি, এবং আমি একটি কমিটি নিয়োগ করছি যা এটি আমরা কিভাবে করব তার উপর একটি টীকা বিতরণ এবং বাস্তবায়ন পরিকল্পনা নিয়ে আসছে। COVID এর প্রতি নিউ ইয়র্কের প্রতিক্রিয়া এই দেশের জন্য একটি মডেল, এবং আমাদের দেশের জন্য একটি আদর্শ টিকাকরণ কর্মসূচী হওয়া উচিত।"

ভ্যাকসিন ডিস্ট্রিবিউশন এন্ড ইমপ্লিমেন্টেশন টাস্ক ফোর্স টীকা প্রশাসনের জন্য একটি পরিকল্পনা তৈরি করবে যার মধ্যে থাকবে:

- শুধুমাত্র ক্লিনিক্যাল গাইডেন্সের উপর ভিত্তি করে টিকা প্রাপকদের অগ্রাধিকার স্থির করা
- এমন ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক যা সকল নিউ ইয়র্কবাসীদের দুটি ডোজ টিকা দিতে সক্ষম
- টিকা প্রদান করার জন্য যোগ্যতাসম্পন্ন পেশাদার এবং সংস্থাসমূহ
- সময়সূচী সাফাৎকার এবং ট্র্যাকিং প্রোগ্রাম মেট্রিকের জন্য ডাটা এবং IT পরিকাঠামো
- টিকাকরণ কর্মসূচী সম্পর্কিত গণশিক্ষা
- পরীক্ষার রসদ ও সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করা

###

আরও তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)